

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
জনসংখ্যা-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

বিষয়: মা ও শিশু কল্যাণ কেন্দ্র, রায়কালী, আক্কেলপুর, জয়পুরহাট পরিদর্শন প্রতিবেদন

গত ১৮.০২.২০২৪ খ্রি: তারিখ দুপুর ১.০০ টায় মা ও শিশু কল্যাণ কেন্দ্র, রায়কালী, আক্কেলপুর, জয়পুরহাট পরিদর্শন করি। পরিদর্শনকালে জয়পুরহাট জেলার উপপরিচালক (পরিবার পরিকল্পনা), সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা) ও ডিস্ট্রিক্ট কনসালটেন্ট এবং আক্কেলপুর উপজেলা মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এবং পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপস্থিত ছিলেন। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:


- ০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : মা ও শিশু কল্যাণ কেন্দ্র, রায়কালী, আক্কেলপুর, জয়পুরহাট
- ০২। পরিদর্শনের তারিখ ও সময় : ১৮/০২/২০২৪, দুপুর ১.০০ টা
- ০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন : প্রযোজ্য নয়  
আলোকে গৃহীত কার্যক্রম
- ০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা :

ক্রম	পদের নাম	অনুমোদিত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা	মন্তব্য
০১	মেডিকেল অফিসার (ক্লিনিক)	০১	০০	০১	
০২	মেডিকেল অফিসার (এ্যানেসথেসিয়া)	০১	০০	০১	
০৩	পরিবার কল্যাণ পরিদর্শক	০৪	০১	০৩	
০৪	সহকারী নার্সিং এ্যাটেনডেন্ট		০১		
০৫	ফিমেল মেডিকেল এ্যাটেনডেন্ট	০০	০০		
০৬	গাড়ি চালক		০০		
০৭	পিয়ন কাম-টোকিদার	০০	০০		
০৮	পরিচ্ছন্ন কর্মী	০১	০১		আউট সোর্সিং
০৯	আয়া		০০		
১০	ফিমেল নার্সিং এ্যাটেনডেন্ট	০১	০১		
১১	মিডওয়াইফ		০১		সংযুক্তিতে কর্মরত
১২	দাই নার্স	-	-		
১৩	অফিস সহায়ক/পরিচ্ছন্নতা কর্মী আউট সোর্সিং কর্তৃক	০২	০২		

- ০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি: সকলেই উপস্থিত ছিলেন।
- ০৬। পরিদর্শনকালে কোন Stockholder যদি মতামত/পরামর্শ করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ : প্রযোজ্য নয়
- ০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ প্রযোজ্য ক্ষেত্রে : প্রযোজ্য নয়
- ০৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবশ ও পরিচ্ছন্নতা : সন্তোষজনক

স্বাক্ষর

- ০৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : হাসপাতালটি ১০ শয্যা বিশিষ্ট এবং ভৌত অবকাঠামোর অবস্থা ভালো ও আবাসিক ভবনের সংস্কার কার্যক্রম চলমান।
- ১০। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : সন্তোষজনক
- ১১। কোন সমস্যা/চাহিদা : একটি পূর্ণাঙ্গ মা ও শিশু কল্যাণ কেন্দ্রের কার্যক্রম চালু করতে মেডিকেল অফিসারসহ (ক্লিনিক/এ্যানেস্কেসিয়া) অন্যান্য কর্মচারী (এফডব্লিউডি, মিডওয়াইফ, ক্লিনার) আবশ্যিক
- ১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ : এই কেন্দ্রে কর্মরত সকল কর্মচারী কেন্দ্রের আবাসিক ভবনে বসবাস করেন। কেন্দ্রে পরিদর্শনকালে সেবা নিতে আসা রোগীদের সাথে কথা বলে জানা যায় এখানে কর্মরত সেবাদানকারীগণ রোগীদের সার্বক্ষণিক সেবা প্রদান করে থাকেন। একই সাথে তারা গর্ভবতীর মায়েদের ইডিডি তারিখ অনুযায়ী প্রতিদিন গর্ভবতী মায়েদের ফোন কল করে খৌজ নেন এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারী গ্রহণে উদ্ধুদ্ধ করেন। এই কেন্দ্রে প্রতিদিন গড়ে ৮-১০ জন মাকে ANC সেবা প্রদান করা হয়। ক্লিনিকটিকে আরো মানসম্পন্ন করার জন্য শূন্য পদ সমূহ পূরণ আবশ্যিক। বিশেষ করে মেডিকেল অফিসার (ক্লিনিক)/মেডিকেল অফিসার (এ্যানেস্কেসিয়া) পদায়ন করা হলে সেবার মান ও সংখ্যা অধিকতর বৃদ্ধি পাবে। এ কেন্দ্রে পরিদর্শনকালে গর্ভবতী মায়েদের নিয়ে মা সমাবেশ অনুষ্ঠিত হয়। এ ধরনের সমাবেশে আগত মায়েদের প্রগোদনা/রিফ্রেশমেন্ট এর ব্যবস্থা করা যেতে পারে। কেন্দ্রকে অধিকতর সেবামুখী করতে হলে এই কেন্দ্রে বিনামূল্যে ২৪ ঘন্টা প্রাতিষ্ঠানিক ডেলিভারী সেবা প্রদান করতে হবে। এই বিষয়ে মাঠ কর্মীসহ এডিভ্যান দ্বারা ব্যাপক প্রচার প্রচারণা চালনা করার পরামর্শ প্রদান করা হয়।

  
24.06.2016

(এ, বি, এম, নুরুল আলম)

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬০

Email: [population2@mefwd.gov.bd](mailto:population2@mefwd.gov.bd)